

সাদাপিঠ গাছফড়িং

আকৃতি ও জীবনবৃত্তান্ত

পূর্ণবয়স্ক সাদাপিঠ গাছফড়িং প্রায় ৩-৪ মিলিমিটার লম্বা। এদের গায়ের রঙ বাদামি এবং পিঠে সাদা দাগ থাকে। কীড়াগুলো বাদামি কালো ও সাদা রঙ মিশ্রিত। পোকাটি বাদামি গাছ ফড়িংয়ের সাথে একই জমি বা গাছে দেখতে পাওয়া যায়।

পূর্ণবয়স্ক স্ত্রী ফড়িং পাতার খোল, পাতা ও পাতার মধ্যশিরার ভিতরে ডিম পাড়ে। পাঁচ থেকে আট দিনের মধ্যে ডিম থেকে কীড়া বের হয়। পূর্ণবয়স্ক ফড়িংয়ে পরিণত হতে আবহাওয়া ভেদে ১১-১৪ দিন সময় লাগে। সাদাপিঠ গাছফড়িংয়ের জীবনচক্র শেষ হতে প্রায় তিন সপ্তাহ সময় লাগে।



চিত্র: বাচ্চা ফড়িং

চিত্র: বয়স্ক ফড়িং

ক্ষতি

- ▶ কীড়া ও পূর্ণবয়স্ক উভয়ই গাছের গোড়া থেকে রস শুষে খায়।
- ▶ বিপুল সংখ্যক ফড়িং রস শুষে খাওয়ার ফলে হপার বার্ণ বা ফড়িং পোড়ার সৃষ্টি হয়।
- ▶ বোরো ও আমন মৌসুমে এ পোকাকার আক্রমণ দেখা যায়।
- ▶ আর্দ্র ও ছায়াযুক্ত স্থান এবং জমিতে পানি জমে থাকলে আক্রমণ বেশী হয়।



চিত্র: সাদাপিঠ গাছ ফড়িং আক্রান্ত ক্ষেত

দমন পদ্ধতি

- ▶ আলোকফাঁদ ব্যবহার করা।
- ▶ জমিতে রোপনের দূরত্ব বাড়িয়ে দেয়া।
- ▶ জমি থেকে পানি সরিয়ে দেয়া।
- ▶ উর্বর জমিতে ইউরিয়া সার উপরি প্রয়োগ থেকে বিরত থাকা।
- ▶ শুধু প্রয়োজনে কীটনাশক ব্যবহার করা।
- ▶ পরভোজী পোকা যেমন মাকড়সার সংখ্যা বৃদ্ধি করার সুযোগ দিলে এ পোকাকার আক্রমণ প্রতিহত করা যায়।



চিত্র: আলোক ফাঁদ



চিত্র: রোপনের দূরত্ব বাড়ানো